

[বাংলাদেশ গেজেটে পরবর্তী বিশেষ সংখ্যায় প্রকাশিতব্য]

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জাতীয় রাজস্ব বোর্ড

ঢাকা।

[মূল্য সংযোজন কর]

বিশেষ আদেশ



বিশেষ আদেশ নং-১০/মুসক/২০২২

তারিখঃ ২১ চেত্র, ১৪২৮ বঙ্গাব্দ।
০৪ এপ্রিল, ২০২২ খ্রিষ্টাব্দ।

যেহেতু, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল) গ্রাহকদের বিভিন্ন ধরনের সেবা, যথা:- Internet Bandwidth, Google ও Facebook Peering, Inmarsat এবং International Outgoing Telephone Call Service সরবরাহের লক্ষ্যে বিদেশী প্রতিষ্ঠান হইতে বিভিন্ন ধরনের সেবা আমদানি করিয়া থাকে; এবং

যেহেতু, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল) উক্ত আমদানিকৃত সেবা গ্রাহকদের নিকট সরবরাহ করিয়া তৎবিপরীতে গ্রাহকদের নিকট হইতে কতিপয় ক্ষেত্রে ছাসকৃত হারে মূল্য সংযোজন কর আদায়পূর্বক ঘথানিয়মে পরিশোধ করিয়া থাকে; এবং

যেহেতু, কতিপয় ক্ষেত্রে মূল্য সংযোজন কর পরিশোধিত সেবামূল্যের একটি অংশ রেভিনিউ শেয়ারিং হিসেবে বিদেশী প্রতিষ্ঠানকে বৈদেশিক মুদ্রায় পরিশোধ করা হইয়া থাকে এবং উক্ত ক্ষেত্রে পুনরায় মুসক আরোপিত হইলে দ্বৈত কর আরোপিত হইয়া যায়;

সেহেতু, জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১২৬ এর উপ-ধারা (৩) এ প্রদত্ত ক্ষমতাবলে, বাংলাদেশ টেলিকমিউনিকেশন কোম্পানি লিমিটেড (বিটিসিএল) কর্তৃক বিদেশী প্রতিষ্ঠানকে বৈদেশিক মুদ্রায় পরিশোধযোগ্য উল্লিখিত সেবামূল্যের উপর প্রযোজ্য মূল্য সংযোজন কর হইতে এতদ্বারা অব্যাহতি প্রদান করিল।

এ আদেশ ১ জুলাই, ২০১৯ খ্রিষ্টাব্দ তারিখ হইতে কার্যকর হইয়াছে বালিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,

০৪/০৪/২০২২
(কামাল ফরিদ উদ্দীন)

প্রথম সচিব (মুসক নীতি)

প্রাপকঃ উপ-নিয়ন্ত্রক

বাংলাদেশ সরকারী মুদ্রণালয়
তেজগাঁও, ঢাকা।

[তাঁহাকে উল্লিখিত আদেশ এর ১০০ (একশত) গেজেট কপি মুদ্রণ ও মুদ্রিত কপি সরাসরি জাতীয় রাজস্ব বোর্ডে
সরবরাহের নিমিত্তে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হইলো।]

নথি নং- ০৮.০১.০০০০.০৬৮.১৯.০১০.১৪/১ (৩৩/১৭৮)
অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-

তারিখঃ ০৪ এপ্রিল, ২০২২ খ্রিস্টাব্দ।

- ১। গভর্নর, বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, মতিঝিল, ঢাকা।
- ২। চেয়ারম্যান, বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন, আইইবি ভবন, রমনা, ঢাকা।
- ৩-৫। সদস্য (মূসক বাস্তবায়ন ও আইটি) / (মূসক নীতি) / (মূসক নিরীক্ষা ও গোয়েন্দা), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা।
- ৬-১৮। কমিশনার, কার্টমস, একাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা(উত্তর)/ঢাকা(দক্ষিণ)/ঢাকা(পূর্ব)/ঢাকা(পশ্চিম)/
রাজশাহী/চট্টগ্রাম/খুলনা/যশোর/রংপুর/কুমিল্লা/সিলেট/বৃহৎ করদাতা ইউনিট (মূসক), ঢাকা।
- ১৯। সিল্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে আপলোডকরণের অনুরোধসহ)।
- ২০। ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ টেলিকমিউনিকেশন্স কোম্পানি লিঃ, প্রধান কার্যালয়, টেলিযোগাযোগ ভবন, ৩৭/ই,
ইঙ্কাটন গার্ডেন, ঢাকা-১০০০।
- ২১। মাননীয় অর্থমন্ত্রীর একান্ত সচিব, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [মন্ত্রী মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ২২। প্রথম সচিব (মূসক বাস্তবায়ন), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা। [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ২৩। একান্ত সচিব, চেয়ারম্যান, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য]।

Rahela
০৪/০৪/২২

(কাজী রেজাউল হাসান)
দ্বিতীয় সচিব (মূসক আইন ও বিধি)